# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
# Palli Daridro Bimochon Foundation (PDBF)

নিউজ লেটার | সংখ্যা-১৯ | জানুয়ারি, ২০২০


## পিডিবিএফ এর নতুন চেয়ারপার্সন এর যোগদান



স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে নতুন যোগদানকৃত সচিব এবং পিডিবিএফ বোর্ড অব গভর্ণর্স এর চেয়ারপারর্সন জনাব মোঃ রেজাউল আহসান এর বরণ এবং বিদায়ী সচিব জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার এর বিদায় উপলক্ষে ৭ নভেম্বর, ২০১৯ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ বিভাগের অধিনস্ত বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধানগণ অংশগ্রহণ করেন। উক্ত অনুষ্ঠানে পিডিবিএফ এর পক্ষ হতে নব নিযুক্ত সম্মানিত সচিব জনাব মোঃ রেজাউল আহসান মহোদয়কে অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা জানান পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম। সভায় নতুন যোগদানকৃত সচিব মহোদয় বলেন যেহেতু পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ দেশের দারিদ্র্য বিমোচন ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যে গ্রামীণ কৃষিভিত্তিক বিভিন্ন কর্মকান্ড নিয়ে কাজ করে, তাই তিনি একজন কৃষিবিদ হওয়ায় এ সকল কর্মকান্ডের সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ন ভূমিকা রাখবেন বলে অভিব্যক্তি প্রকাশ করেন। বিদায়ী অতিথি জনাব মোঃ কামাল উদ্দিন তালুকদার উক্ত সভায় পিডিবিএফ এর ভূয়সী প্রশংসা করেন এবং নতুন যোগদানকৃত সচিব মহোদয়কে পিডিবিএফ এর চলমান উন্নয়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান।

## ৪৯তম মহান বিজয় দিবসে পিডিবিএফ এর পক্ষ থেকে মুক্তিযুদ্ধের সকল শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধাঞ্জলি




৪৯তম মহান বিজয় দিবস উপলক্ষে পিডিবিএফ এর সকল কর্মকর্তা কর্মচারীদের পক্ষ থেকে জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধের সকল শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম ও প্রধান কার্যালয়ের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। পুষ্পস্তবক অর্পণ শেষে প্রধান কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

## পিডিবিএফ এর যুগ্ম/উপ পরিচালকগণের সম্মেলন

গত ২৩-২৫ নভেম্বর, ২০১৯ তারিখ ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমি (ফিমা) মিরপুর-১৪, ঢাকায় পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন এর যুগ্ম/উপ পরিচালকদের ৩ দিন ব্যাপী সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ রেজাউল আহসান, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং চেয়ারপার্সন, পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আফজাল হোসেন, অতিরিক্ত



সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। সভায় সভাপতিত্ব করেন কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)। সম্মেলনে পিডিবিএফ এর ২৪টি অঞ্চলের অঞ্চল প্রধানগণ স্ব-স্ব অঞ্চলের অগ্রগতি তুলে ধরেন। প্রধান অতিথির বক্তব্যে সচিব মহোদয় বলেন, বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত বাংলাদেশ গড়তে পিডিবিএফ কাজ করে যাচ্ছে। এ প্রতিষ্ঠানটি সরকারের দারিদ্র্য দূরীকরণ কার্যক্রম বেগবান করেছে। তিনি পিডিবিএফ এর সার্বিক উন্নতি কামনা করেন। তিনি জানান তার মন্ত্রণালয়ের পক্ষ থেকে যতটুকু সাহায্য সহযোগিতা প্রয়োজন তা তিনি করবেন। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বলেন মন্ত্রণালয়ের অন্যান্য প্রতিষ্ঠানের চেয়ে আমাদের আর্থিক ভিত্তি মজবুত। প্রতিটি সহকর্মী অক্লান্ত পরিশ্রম করে প্রতিষ্ঠানকে এগিয়ে নিয়ে যাচ্ছে। এ ব্যাপারে তিনি মন্ত্রণালয়ের সহযোগিতা কামনা করেন এবং প্রস্তাবিত প্রকল্পগুলো অনুমোদনের অনুরোধ জানান।

## পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক এর টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মাজার জিয়ারত ও ফাতেহা শরিফ পাঠ



পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক এবং বঙ্গবন্ধু পরিষদ পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) ইউনিট এর প্রতিষ্ঠাতা আহ্বায়ক কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম গত ০৯/১০/২০১৯ইং তারিখ টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মাজার জিয়ারত, ফাতেহা শরিফ পাঠ ও দোয়া-মোনাজাত করেন। জিয়ারত শেষে তিনি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মাজারে পুস্পস্তবক অর্পণ করেন এবং পরিদর্শন বইতে স্বাক্ষর করেন।



এ সময় তার সঙ্গে পিডিবিএফ, প্রধান কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ ও অন্যান্য সহকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ পিডিবিএফ এর টুঙ্গিপাড়া কার্যালয়ের 'হাজা মাজা প্রতিত পুকুর পুনঃখননের মাধ্যমে সংগঠিত জনগোষ্টির পাট পঁচানো পরবর্তী মাছ চাষের মাধ্যমে দারিদ্র্য বিমোচন' প্রকল্পের গহরডাঙ্গা পশ্চিম পাড়া মহিলা সমিতি পরিদর্শন করেন এবং সমিতির সদস্যদের সাথে মতবিনিময় করেন। এছাড়াও তারা পিডিবিএফ টুঙ্গিপাড়া উপজেলা কার্যালয় ও গোপালগঞ্জ উপজেলা কার্যালয়ে স্টাফ মিটিং এ অংশগ্রহণ করেন।

## পিডিবিএফ এর প্রধান কার্যালয়ে বাপার্ড এর কর্মকর্তাগণের ই-ফাইলিং ও ওয়েব সাইট বিষয়ক প্রশিক্ষণ প্রদান



বাপার্ড এর কর্মকর্তাদের ই-ফাইলিং ও ওয়েব সাইট বিষয়ক প্রশিক্ষণে উপস্থিত বাপার্ড, পিডিবিএফ ও মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## মন্ত্রণালয় কর্তৃক "প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের শস্য সংগ্রহ পরবর্তী সহযোগিতার মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ (প্রথম সংশোধিত) প্রকল্প" পরিদর্শন




পিডিবিএফ, কর্তৃক বাস্তবায়নাধীন "প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের শস্য সংগ্রহ পরবর্তী সহযোগিতার মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ" (প্রথম সংশোধিত) প্রকল্পের নকলা উপজেলার পাইস্কা গ্রামের কৃষক-কৃষাণীদের কেন্দ্র পরিদর্শন করেন পরিকল্পনা মন্ত্রণালয়য়ের IMED-এর পরিচালক জনাব মোঃ মাহবুবুর রহমান এবং উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মুহিউদ্দিন আহমদ পান্নু।

## বর্তমান ব্যবস্থাপনা পরিচালক এর ১০০দিনে বাস্তবায়িত কিছু কর্মকান্ড

১। বিভিন্ন প্রকল্পের আটকে থাকা অর্থ ছাড়ের ব্যবস্থা গ্রহণ করা।
২। সর্বস্তরের কর্মীদের উপস্থিতিতে বৃহৎ পরিসরে সম্মেলনের উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করা।
৩। বিগত দিনের পুঞ্জিভূত সমস্যা নিরসন করার উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করা।
৪। পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্পের প্রায় ৫০০ সহকর্মীর চাকুরীর ধারাবাহিকতা বজায় সহ আত্মীকরণ করা।
৫। কর্মীগণের বাড়ি/গৃহ নির্মাণের জন্য ৩০০ কোটি টাকার গৃহঋণ তহবিলের ব্যবস্থা গ্রহণ করা।
৬। নতুন সম্প্রসারণ প্রকল্পের মাধ্যমে সারা দেশে পিডিবিএফ এর কর্ম এলাকা সম্প্রসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করা।
৭। পিডিবিএফ এর কার্যক্রমকে আরো গতিশীল ও সম্প্রসারণের জন্য ৯৫০ কোটি টাকার নতুন ২টি প্রকল্প প্রস্তাবনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের জন্য সবুজ পাতায় অর্ন্তভূক্তির ব্যবস্থা গ্রহণ করা।
৮। পদোন্নতি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা।
৯। পিডিবিএফ এ কর্মরত চুক্তিভিত্তিক/দৈনিকভিত্তিক ও সোলার কর্মীদের চাকুরী স্থায়ীকরণের জন্য বোর্ড কর্তৃক গঠিত কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা।
১০। পিডিবিএফ, প্রধান কার্যালয়ের জন্য নিজস্ব ভবন তৈরীর উদ্যোগ গ্রহণ করা।
১১। দৈনিকভিত্তিক ও চুক্তিভিত্তিক কর্মীদের পোষাক পরিচ্ছদ খাতে ১,০০০/- (এক হাজার) টাকা বৃদ্ধি করা।
১২। সকল ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা ও শুদ্ধাচার প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া।

## মাকসুদা বেগমের সফলতা



ফেনী সদর উপজেলার শর্শাদী ইউনিয়নের অর্ন্তগত গজারিয়া কান্দি গ্রামে মাকসুদা বেগমের বাড়ী। মাকসুদা বেগমের তিন ছেলে এবং দুই মেয়ে। তিনি স্বামীর সামান্য আয়ে ছেলে মেয়ে নিয়ে বড় কষ্টে দিন পার করছিলেন। মাকসুদা ছেলেমেয়েদের মুখে দু-মুঠো খাবার তুলে দিতে কিছু একটা করার কথা ভাবছিলেন। তিনি জানতে পারলেন পাশের বাড়ীতে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন এর একটি সমিতির সভা হয় এবং সেখানে বিভিন্ন আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডের উপর প্রশিক্ষণ দেয়া হয়, প্রশিক্ষণ শেষে ঋণও দেয়া হয়। মাকসুদা বেগম গজারিয়া মহিলা সমিতিতে ভর্তি হয়ে কিছু কিছু করে সঞ্চয় জমা রাখতে শুরু করলেন এবং শাকসবজি চাষের উপর প্রশিক্ষণ নিলেন। প্রশিক্ষণ শেষে ২০,০০০ টাকা ঋণ নিয়ে বসত বাড়ীর পাশেই শাকসবজি চাষ শুরু করলেন। শাকসবজি বিক্রির লাভের টাকা এবং দ্বিতীয় বার ৩০,০০০ টাকা ঋণ নিয়ে একটা বকনা বাছুর কিনলেন। এক বছর পর গাভীটি বাচ্চা দেয়। দুধ বিক্রি করে সমিতির কিস্তি পরিশোধ করতে থাকেন। এর পর শুরু হয় মাকসুদা বেগমের সুখের দিন। মাকসুদার এখন ৪টি গরু, ৩টি ছাগল, হাস মুরগী, শাকসবজির বাগান, টিনের ঘর, সেনেটারী ল্যাট্রিন, টিউবওয়েল সবই আছে। তিলে তিলে গড়া সঞ্চয়ের পরিমাণ ২০,০০০ টাকা এবং মাসিক আয় প্রায় ২৫,০০০ টাকা। ছেলে মেয়েরা স্কুল কলেজে পড়ে। পিডিবিএফ থেকে তিনি নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ নিয়েছেন। গ্রামের অনেকেই তাকে দেখে অনুপ্রাণিত হয়েছেন। মাকসুদা বেগম নিজেও পিডিবিএফ এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

*তোমরা সত্যকে মিথ্যার সাথে সংমিশ্রন কর না এবং জেনে শুনে সত্য গোপন কর না। - সূরা বাকারা, আয়াত-৪২*

Scanned with CamScanner

## মাননীয় সচিব ও চেয়ারপার্সন, পিডিবিএফ বোর্ড অব গভর্ণস এর দিনাজপুর জেলায় পিডিবিএফ এর বিভিন্ন প্রকল্প পরিদর্শন



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন দিনাজপুর জেলার চিরিরবন্দর উপজেলায় "সোলার স্ট্রীট লাইট প্রকল্প" ও "প্রান্তিক এবং ক্ষুদ্র কৃষকদের শস্য সংরক্ষণ পরবর্তী সহযোগিতার মাধ্যমে দারিদ্র্য দূরীকরণ (প্রথম সংশোধিত) প্রকল্প" এবং রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলায় "বাংলদেশের বিদ্যুৎ বিহীন প্রত্যন্ত এবং চর এলাকায় সৌর শক্তির উন্নয়ন" শীর্ষক প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোঃ রেজাউল আহসান। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ আমিনুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ, জনাব মাহমুদুল আলম, জেলা প্রশাসক, দিনাজপুর, প্রকল্প পরিচালক, জনাব মুহিউদ্দিন আহমদ পান্না, প্রকল্প পরিচালক, জনাব মোঃ শফিকুল ইসলাম, আয়শা সিদ্দিকা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, চিরিরবন্দর, উপ-পরিচালক পিডিবিএফ দিনাজপুর অঞ্চলসহ বিভিন্ন বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণ। সচিব মহোদয় বিভিন্ন স্পটে স্থাপিত সড়কবাতি সরেজমিনে পরিদর্শন করেন এবং সমিতির সদস্যদের সাথে মতবিনিময় করেন। এসকল কার্যক্রমের অগ্রগতি দেখে সচিব মহোদয় সন্তোষ প্রকাশ করেন, তাছাড়া তিনি প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং এর জন্য পরামর্শ দেন।

## পিডিবিএফ এর ৭৯তম বোর্ড সভা অনুষ্ঠিত




গত ১৮ ডিসেম্বর, ২০১৯ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষে পিডিবিএফ এর ৭৯তম বোর্ড সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ রেজাউল আহসান, চেয়ারপার্সন, পিডিবিএফ বোর্ড অব গভর্নর্স এবং সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। সভায় বোর্ডের সদস্য সচিব জনাব মোঃ আমিনুল ইসলাম ও বোর্ডের অন্যান্য সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় পিডিবিএফ এর বিভিন্ন অগ্রগতি তুলে ধরেন। বোর্ড অব গভর্নর্স এর সদস্যগণ পিডিবিএফ এর কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন।

## চিরিরবন্দর ও খানসামা উপজেলা ও উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদ এলাকার গুরুত্বপূর্ণ স্থানসমূহে সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন প্রকল্পের শুভ উদ্বোধন



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কর্তৃক বাস্তবায়নাধীন "জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলার জন্য দিনাজপুর জেলার চিরিরবন্দর ও খানসামা উপজেলা ও উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদ এলাকার গুরুত্বপূর্ণ স্থানসমূহে সৌর বিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় গুরুত্বপূর্ণ স্থান ও রাস্তাসমূহে সৌরবিদ্যুতায়িত সড়কবাতি স্থাপন প্রকল্পের শুভ উদ্বোধন করেন সাবেক পররাষ্ট্র মন্ত্রী ও বর্তমান মাননীয় সংসদ সদস্য (দিনাজপুর-৪) জনাব আবুল হাসান মাহমুদ আলী। উক্ত প্রকল্পের মাধ্যমে চিরিরবন্দর ও খানসামা উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে সড়কবাতি স্থাপন করা হচ্ছে। প্রকল্পের মেয়াদ জুলাই, ১৮ থেকে ডিসেম্বর ২০২০ পর্যন্ত। প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ৪ কোটি টাকা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আমিনুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ, জনাব মোঃ শফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক ও যুগ্ম পরিচালক মাঠ পরিচালন, পিডিবিএফ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বেগম আয়শা সিদ্দিকা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, চিরিরবন্দর এবং জনাব আহমেদ মাহবুবুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা, খানসামা। বাংলাদেশ নৌবাহিনী কর্তৃক পরিচালিত ডকইয়ার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিঃ এর মাধ্যমে এ প্রকল্পের কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রকল্পটির শুভ উদ্বোধন উপলক্ষে পাকের হাট ডিগ্রী কলেজ মাঠে এক জনসভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রকল্প এলাকার ৬টি ইউনিয়নের সর্বস্তরের জনসাধারণ, চেয়ারম্যান ও অন্যান্য স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## পিডিবিএফ এর আঞ্চলিক হিসাব কর্মকর্তাগণের সমন্বয় সভা অনুষ্ঠিত



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন এর প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ হলে ৭ ডিসেম্বর, ২০১৯ আঞ্চলিক হিসাব কর্মকর্তাগণের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে পিডিবিএফ-এর ২৪ টি অঞ্চলের আঞ্চলিক হিসাব কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সমন্বয় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আমিনুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ। এছাড়াও প্রধান কার্যালয়ের

*ইহসান কি? "আপনি এমনভাবে আল্লাহর ইবাদত করবেন যেন আপনি তাকে দেখছেন, আর যদি আপনি তাকে দেখতে না পান তবে (বিশ্বাস রাখবেন যে) তিনি আপনাকে দেখছেন" - হাদীসে জিবরাঈল*

ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত থেকে গুরুত্বপূর্ন বক্তব্য রাখেন। সভায় আগত আঞ্চলিক হিসাব কর্মকর্তাগণের নিকট থেকে ফিল্ডের ফিডব্যাক নেয়া হয় ও প্রধান কার্যালয়ের করণীয় সম্পর্কে আলোচনা পর্যালোচনার মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রধান অতিথি সমন্বয় সভায় উপস্থিত হিসাব কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন হিসাবের ব্যাপারে আরো সতর্ক থাকতে হবে এবং বছরের শুরু থেকেই বাজেট মনিটরিং করতে হবে। তিনি আশাবাদ ব্যক্ত করেন পিডিবিএফ চলতি অর্থবছরে স্বয়ম্ভরতা ১১০% অর্জন করবে।

## পিডিবিএফ এর শতভাগ সহকর্মীদের সাথে বার্ষিক কর্ম-পরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত



গত ২৫শে অক্টোবর, ২০১৯ বগুড়ার পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) তে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন এর বগুড়া, নাটোর ও রংপুর অঞ্চলের বার্ষিক কর্ম-পরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বগুড়া, নাটোর ও রংপুর অঞ্চলের সকল সহকর্মীগণ অংশগ্রহণ করেন। বগুড়ার এই ওয়ার্কশপের মধ্য দিয়ে পিডিবিএফ এর শতভাগ সহকর্মীদের সাথে প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের সফল যোগাযোগ স্থাপন হয় যা পিডিবিএফ এর বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে ও সার্বিক কল্যাণে অবদান রাখবে। এরই মাধ্যমে পিডিবিএফ এর সকল অঞ্চলের সহকর্মীদের ২০১৯-২০ অর্থবছরের ওয়ার্কশপ শেষ হয়।

## 'বঙ্গবন্ধু পরিষদ' পিডিবিএফ ইউনিট কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত




২১ ডিসেম্বর, ২০১৯ বঙ্গবন্ধু পরিষদ পিডিবিএফ ইউনিট কেন্দ্রীয় আহবায়ক কমিটির এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু পরিষদ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক জনাব ড. জাহাঙ্গীর আলম বুলবুল এবং সভাপতিত্ব করেন পিডিবিএফ এর ব্যবস্থাপনা পরিচালক ও বঙ্গবন্ধু পরিষদ পিডিবিএফ ইউনিটের আহবায়ক কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম। সভাপতি তার বক্তব্যে বলেন বঙ্গবন্ধু পরিষদ পিডিবিএফ ইউনিট হল্যে বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়নের একটি সংগঠন যারা বঙ্গবন্ধুর আজন্ম লালিত স্বপ্ন ক্ষুধা এবং দারিদ্র্য মুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে কাজ করে যাচ্ছে। এছাড়াও বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে গত ৩০ ডিসেম্বর, ২০১৯ তারিখ দুঃস্থ ও শীতার্তদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।




## এক নজরে পল্লী দরিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

| ক্র. নং | বিবরণ | ফাউন্ডেশন শুরুর সময় (এপ্রিল, ২০০০) অবস্থা | ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | প্রশাসনিক বিভাগের সংখ্যা | ০৪টি | ০৮টি |
| ২ | প্রশাসনিক জেলার সংখ্যা | ১৭টি | ৫৫টি |
| ৩ | উপজেলার সংখ্যা | ১৩৯টি | ৩৫৭টি |
| ৪ | উপ-পরিচালকের কার্যালয়ের সংখ্যা | ১০টি | ২৭টি |
| ৫ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তার কার্যালয়ের সংখ্যা | ১৩৯টি | ৪০৩টি |
| ৬ | কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা | ২৮০০ জন | ৪,৩৯৭ জন |
| ৭ | সমিতির সংখ্যা | ১২,১০৯টি | ৩০,৭৮০টি |
| ৮ | সদস্য সংখ্যা | ২,৯০,০০০ জন | ১১ লক্ষ (প্রায়) |
| ৯ | সঞ্চয় স্থিতি। সাধারণ, সোনালী, লক্ষ টাকা, নিরাপত্তা ও মেয়াদী (কোটি টাকায়) | ৩৭ কোটি | ৮৯৫ কোটি |
| ১০ | মাঠ কর্মী প্রতি গড় সদস্য সংখ্যা | ২০৫ জন | ৫০২ জন |
| ১১ | ক্রমপুঞ্জিত ক্ষুদ্র ঋণ বিতরণ (কোটি টাকায়) | ৬৬০.৭৪ | ১১,০৮৩ কোটি |
| ১২ | ক্ষুদ্র ঋণ আদায় হার | ৯০% | ৯৭% |
| ১৩ | ক্ষুদ্র উদ্যোক্তার সংখ্যা | - | ৪০,৯৯৮ জন |
| ১৪ | ক্রমপুঞ্জিত ক্ষুদ্র উদ্যোক্তার ঋণ বিতরণ (কোটি টাকায়) | - | ৩,৭৮৫ কোটি |
| ১৫ | ক্ষুদ্র উদ্যোক্তার ঋণ আদায় হার | - | ৯৮% |
| ১৬ | মোট ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ (ক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তা) | - | ১৫,১৬৮ কোটি |
| ১৭ | স্বয়ম্ভরতার হার | ৬২.৫% | ১০৩% |
| ১৮ | বর্তমান অর্থ বছরে ক্ষুদ্র ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ পরিকল্পনা (কোটি টাকায়) | - | ২,৩০০ কোটি |
| ১৯ | সোলারকৃত জেলার সংখ্যা | - | ২৩টি |
| ২০ | সৌর শক্তি প্রকল্পভূক্ত কার্যালয়ের সংখ্যা | - | ১৩০টি |
| ২১ | সোলার হোম সিস্টেম স্থাপন (টিআর/কাবিটাসহ) সংখ্যা | - | ৫৮,৯৮০টি |
| ২২ | দৈনিক মোট সৌর বিদ্যুৎ উৎপাদন | - | ১২.৫ (০০০) |
| ২৩ | মোট আইসিটি ল্যাব এর সংখ্যা | - | ১১টি |
| ২৪ | সদস্য প্রশিক্ষণ কার্যক্রম (নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন, দক্ষতা উন্নয়ন, প্যারাটেক, জেন্ডার ও ইউপি মেম্বার ইত্যাদি) | ২১,৬৬২ জন | ৪,১১,৫৯৭ জন [illegible] |
| ২৫ | কর্মী প্রশিক্ষণ (ব্যবস্থাপনা, পরিকল্পনা, টিওটি, ওরিয়েন্টেশন, রিফ্রেশার্স, শিক্ষানবিশ প্রশিক্ষণ প্রশিক্ষণ, যোগাযোগ কর্মশালা ও অন্যান্য)। | ২,৮০০ জন | ৫৮,০৬৪ জন [illegible] |
| ২৬ | ইউপি নির্বাচনে নির্বাচিত সুফলভোগীর সংখ্যা | - | ১১২৪ জন |
| ২৭ | সাপ্তাহিক প্রশিক্ষণ ফোরাম। সকল সদস্যকে বছরের ৫২ সপ্তাহে ৫২টি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। | | |


### সম্পাদনা বোর্ড

প্রধান উপদেষ্টা : কৃষিবিদ জনাব মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক

উপদেষ্টা : জনাব মোঃ সোলায়মান
ভারপ্রাপ্ত পরিচালক, মানব সম্পদ ও উন্নয়ন

সম্পাদনা : জনাব মুহিউদ্দিন আহমদ পান্নু
ভারপ্রাপ্ত পরিচালক, অর্থ

সম্পাদনা সহযোগী : বেগম নাজনীন আকতার
উপ পরিচালক, যোগাযোগ শাখা
জনাব সোহরাফ হোসেন
সিনিয়র সহকারী পরিচালক, যোগাযোগ শাখা
জনাব মিহির কুমার মালাকার
সিনিয়র সহকারী পরিচালক, মানব সম্পদ উন্নয়ন

প্রকাশনায় : যোগাযোগ শাখা, পিডিবিএফ



পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
প্রধান কার্যালয়
বাড়ি নং-৫, এভিনিউ-৩, হাজী রোড, রূপনগর আ/এ, মিরপুর-২, ঢাকা-১২১৬
ফোন: ০২-৮০৩২৯৩৬, ফ্যাক্স : ৮০৩১৫৯৭
E-mail : info@pdbf.gov.bd, Website : www.pdbf.gov.bd




মুদ্রণে: মেঘনা প্রিন্টার্স